



বিষয়: সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামস আল মুজাদ্দিদ
পরিচালক (প্রশাসন ও অর্থ)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্থান: উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সম্মেলন কক্ষ।
তারিখ: ২০-১২-২০২১ খ্রিঃ।
সময়: সকাল ১২.৩০ ঘটিকা।

উপস্থিতি: সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি হল একটি প্রতিষ্ঠানের সিটিজেন্স চার্টার যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া সিটিজেন্স চার্টার সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সভাপতি আরো বলেন, সেবাগ্রহীতাদের সেবা গ্রহণে সঠিক নির্দেশনা প্রাপ্তি নিশ্চিতকরণে প্রতিশ্রুতি সেবাসমূহকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে: (ক) নাগরিক সেবা; (খ) প্রাতিষ্ঠানিক সেবা; এবং (গ) অভ্যন্তরীণ সেবা। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়। বিভিন্ন এনজিও প্রতিনিধিগণ প্রয়োজনে এসব সেবা গ্রহণ করতে পারবেন। অতঃপর সভাপতি, কমিটির সদস্য সচিবকে সভার আলোচ্য বিষয় সম্পর্কে বলার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বলেন, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনার কার্যক্রম '[২.২] সেবা প্রদান অবহিতকরণ বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভার নির্দেশনা রয়েছে। সেবা প্রদান বিষয়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে অনলাইন/অফলাইনে অভিযোগ বন্ধ আছে। যদি কারো অভিযোগ থাকে তাহলে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) তা নিষ্পত্তি করবেন।

সভাপতি সেবা প্রদান অবহিতকরণ বিষয়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সম্মানিত সদস্যগণ এবং স্টেকহোল্ডারগণের মতামত জানতে চান। এনজিওদের কোন বিষয়ে অভিযোগ আছে কি না তা জানতে চাওয়া হয়? সিএমসির সভাপতি এবং প্রধান শিক্ষক জনাব অবিলাশ মিত্র বলেন কামরাজিরচর এলাকায় নিম্ন আয়ের লোকজন বেশি বসবাস করেন এবং তারাই উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনার সুযোগ পাচ্ছে। তিনি আরও বলেন এ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মেয়াদ বৃদ্ধি করার জন্য তিনি মতামত দেন। উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের একটি ভালো উদ্যোগ যেখানে বিনা টাকায় পড়াশোনা করার জন্য সুযোগ সৃষ্টি করে দিয়েছে। সভাপতি শ্রেণিকক্ষে সিলেবাস টাঙ্গানো আছে কি না জানতে চাইলে সিএমসি সভাপতি বলেন তা যথাযথভাবে টাঙ্গানো আছে। শাহিনুর আক্তার শিক্ষক (জেসিএফ) বলেন তিনি আগেও বিভিন্ন NGO এর সাথে কাজ করেছেন। তিনি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হতে পেরে অনেক খুশি। তিনি বলেন উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষার্থীর বয়স ১৩/১৪ হলে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করানো হয় না; যদি ঐ শিক্ষার্থী ভর্তি হতে না পারে তাহলে তো আবার ঝরে পড়ার সম্ভাবনা থাকে। এই সমস্যা করণীয় কি জানতে চাইতে পরিচালক (প্রশাসন) বলেন প্রতিটি প্রকল্পের একটা নির্দিষ্ট মেয়াদ আছে। মেয়াদ শেষে প্রকল্পের কার্যক্রম বন্ধ হয়ে যায় তবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব

১১

১২


১৩

Life Long Learning প্রকল্প নিয়ে কাজ করছেন। এটি চালু হলে তখন এই শিক্ষার্থীকে Life Long Learning কর্মসূচির সাথে যুক্ত করে দিতে পারবেন। বর্তমানে এর কোন সুব্যবস্থা নেই।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়;

- ১। সেবা প্রদান বিষয়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে কি কি সেবা পাবে তা বিভিন্ন এনজিওদের মাধ্যমে সুপারভাইজার, সিএমসি ও অভিভাবকদেরকে অবহিত করতে হবে।
- ২। সিটিজেস চার্টারে উল্লেখিত সেবা কিভাবে গ্রহণ করবে তা এনজিওদের এর মাধ্যমে সুপারভাইজার, সিএমসি ও অভিভাবকদের অবহিত করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(শামস আল মুজাদ্দিদ)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-৮৮৩৫১৫৫

স্মারকসংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.১৬.২২৬.১৫- ৯ ৯ ৬

২২ পৌষ ১৪২৮
তারিখ: ২৬ ডিসেম্বর ২০২১


কার্যার্থে:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিবু, ঢাকা।
- ২। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিবু, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (প্রশিক্ষণ), উশিবু, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (প্রশাসন), উশিবু, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, উশিবু, ঢাকা।
- ৬। নির্বাহী পরিচালক, জাগরণী চক্র ফাউন্ডেশন, ৪৬ মুজিব সড়ক, যশোর।
- ৭। অফিস কপি।

সদয় জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিবু, ঢাকা---(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩৮৯৪
২৮/১২/২১


(মোঃ রিপন কবির সর্কার)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-২২২২৯২৭৩৯